



ঢাকা বিশ্ববিদ্যালয়
ভর্তি বিজ্ঞপ্তি
মাস্টার ইন গভার্নেন্স স্টাডিজ (এমজিএস), ২০১৮-২০১৯
১১তম ব্যাচ ১ম সেমিস্টার ইনটেক
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ


রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে আঠার মাস মেয়াদি মাস্টার ইন গভার্নেন্স স্টাডিজ (এমজিএস) ২০১৮-১৯ শিক্ষাবর্ষে (১১তম ব্যাচ) ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ভর্তির যোগ্যতা: প্রার্থীর অবশ্যই কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী পাসসহ সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী (সিজিপিএ ২.২৫) থাকতে হবে। সরকারী ও বেসরকারী পর্যায়ে কর্মরত প্রার্থীদেরকে আবেদনের জন্য উৎসাহিত করা হচ্ছে।

আবেদনপত্র সংগ্রহ: আগামী ০৯ মার্চ ২০১৯ তারিখ থেকে ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের কার্যালয় থেকে (রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯:৩০ থেকে বিকাল ৪:৩০ টা পর্যন্ত এবং শুক্রবার ও শনিবারসহ সরকারি ছুটির দিনে সকাল ৯:৩০ টা থেকে রাত ৮:০০ টা পর্যন্ত) নগদ এক হাজার দুইশত (১২০০/=) টাকার বিনিময়ে ভর্তির আবেদনপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে তিন কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ আগামী ৩০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে।

যোগাযোগ: কক্ষ নং- ৪১০, ৪০৮ ও ৪১৩, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন (৪র্থ তলা), ঢাকা বিশ্ববিদ্যালয়। মুঠোফোন: ০১৭১৬৬৩০১৭৩, ০১৭১৬৩০১২৩৮, ০১৭১১২৪৩৮২৯, ০১৭২৩৮৪১৪৪০, ০১৬৩৯১৯৯৪৪০।

ভর্তি পরীক্ষার তারিখ : ০৩ মে ২০১৯, শুক্রবার, সময়: সকাল ১০:০০ টা
ক্লাসের সময়: প্রতি শুক্রবার ও শনিবার


অধ্যাপক ড. হাসিনুজ্জামান চৌধুরী
ডিরেক্টর
মাস্টার ইন গভার্নেন্স স্টাডিজ (এমজিএস)
এবং
চেয়ারম্যান
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়